সুপ্রিয়

প্রবাসে বাংলা সংস্কৃতি চর্চ্চা একটি দুরুহ কাজ। প্রতিদিনকার কাজের যেন শেষ নেই। কিন্তু শত কাজের মাঝেও আমরা বাংলা গান, কবিতা, নাটক, গল্প-সাহিত্য এসব একেবারে বাদ দিয়ে বসিনি। অনেকে সরবে, অনেকে নিভৃতে এসবের চর্চ্চা করে যাচ্ছে। বিভিন্ন সংগঠন এ কাজটিকে বেগবান করার জন্য নানা আয়োজনে ব্যাস্ত থাকে সারাটা বছর। পাড়ায় পাড়ায় বাংলা স্কুল, একুশের বই মেলা, বর্ষবরণ অনুষ্ঠান - এসব অনুষ্ঠানের আয়োজন তাই প্রমাণ করে। এসব আরো প্রমাণ করে বাঙালির মাটির টান, প্রাণের টান, স্বদেশ ও এর সংস্কৃতির প্রতি দায়বদ্ধতা।

বাংলার গান, বাংলাদেশের গান বাঙালি শ্রোতার হৃদয়ে এক মোহময় স্থান করে নিয়েছে। ১৯০৫ সালে রবীন্দ্রনাথ ঠাকুর রচনা করেছিলেন 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' গানটি। সেই থেকে বাংলা গানের বিকাশের যে শুরু - তার ধারাবাহিক ঐতিহ্য ১০০ বছর পরও থেমে নেই। পঞ্চকবির গান, আঙ্গুরবালা, কমলা ঝরিয়া, ইন্দুবালা, নিধুবাবুর টপ্পা, শাহানা দেবী, পঙ্কজ মল্লিক, আব্বাসউদ্দিন, কমল দাশগুপ্ত, হাসন রাজা, লালন শাহ, মমতাজ উদ্দিন, আবদুল আহাদ, আবদুল লতিফ, শচীন দেব বর্মন, গৌরীপ্রসন্ন মজুমদার, পুলক বন্দোপাধ্যায়, সত্য সাহা, আজাদ রহমান, খন্দকার নুরুল আলম, শেখ লুৎফর রহমান, সলিল চৌধুরী, আবু হেনা মোস্তফা কামাল, সমর দাস, পরবর্তীতে আবদুল জব্বার, সৈয়দ আবদুল হাদী, সাবিনা ইয়াসমিন, রুনা লায়লা, সুবীর নন্দী, সেই সাথে ৫০-৬০ দশকের এপার-ওপার বাংলার আরো অনেক গীতিকবি, সুরকার আর শিল্পীদের গীত অবিস্মরণীয় আর স্মৃতিজাগানিয়া হারানো গানগুলি তূলে ধরার প্রয়াসেই প্রতীতি শ্রোতার আসর-এর আয়োজন করছে।

প্রতীতি তার নিজের সাধ্যমত নানরকম অনুষ্ঠানের আয়োজন করে আসছে প্রায় ১৮ বছর ধরে। এরই ধারাবাহিকতায় প্রতীতির আগামী আয়োজন **ত্রৈমাসিক শ্রোতার আসর।** এ আসরে বৈচিত্রময় বাংলা গানের বিভিন্ন দিক তূলে ধরা হবে। অনুষ্ঠানের শিল্পীরা হচ্ছেন: সাজ্জাদুল আনাম চৌধুরী বাপ্পী, ইশরাত জাহান মুন, এস এম রাফিউল ইসলাম বনি ও তামিমা শাহরীন।

আপনাদের সহৃদয় উপস্থিতি আমাদের এ প্রয়াসকে সমৃদ্ধ করবে, প্রবাসে বাংলা সংস্কৃতি চর্চ্চার আঙ্গিনা প্রসারিত করতে সাহায্য করবে।

**শ্রোতার আসর-১**

**আগামী ৯ই মার্চ ২০১৩, শনিবার**

**সন্ধ্যা ৭:০০টা**

Bankstown Uniting Church Hall
72 Kitchener Parade, Bankstown 2200



প্রতীতি